



লিবারেল পার্টি বাংলাদেশ  
Liberal Party Bangladesh  
[www.liberalbd.org](http://www.liberalbd.org)



সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২১/৬/২০০৭ইং

অবিলম্বে এসপি কহিনুর এসপি আক্কাস সহ  
নির্যাতনকারীদের শাস্তি চাই  
-----লিবারেল পার্টি

লিবারেল পার্টি বাংলাদেশের নেতৃবৃন্দ পার্টি লিডার শেখ মহিউদ্দিন আহমেদকে নির্যাতনকারী কুখ্যাত পুলিশ কর্মকর্তা, সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী এবং আদেশদাতা নেপথ্য গডফাদারের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছেন।

আজ বৃহস্পতিবার এক যুক্ত বিবৃতিতে নেতৃবৃন্দ অবিলম্বে জনাব শেখ মহিউদ্দিনের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যামামলা প্রত্যাহার দাবী করেন।

বিবৃতি প্রদানকারী নেতৃবৃন্দ হলেন, ন্যাশনাল চেয়ারম্যান আমিন আহমেদ চৌধুরী, নির্বাহী প্রেসিডেন্ট আডভোকেট নুরুল ইসলাম, মহাসচিব আফজালুল হক সিকদার এবং অতিরিক্ত মহাসচিব শহীদুল ইসলাম দুলাল।

নেতৃবৃন্দ অবিলম্বে নির্যাতনকারী এসপি কহিনুর, এসপি আক্কাস সহ দায়ী পুলিশকে গ্রেফতার, চাকুরীচ্যুত এবং দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন এবং ছকুমদাতা সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বাবর ও নেপথ্যের গডফাদারের প্রকাশ্যে বিচার দাবী করেন।

নেতৃবৃন্দ বলেন কহিনুর-আক্কাসের মত দুর্নীতিবাজ, পিশাচ প্রকৃতির মানবাধিকার লংঘনকারী পুলিশের কারনেই পুলিশ বাহিনীর সুনাম ক্ষুণ্ণ হচ্ছে। সেনাবাহিনীর বিরুদ্ধে বিদ্বেষ পোষণকারী এসকল চিহ্নিত পুলিশের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেয়ার জন্য তত্ত্বাবধায়ক সরকারের প্রতি আহবান জানানো হয়।

বার্তা প্রেরক-

আতাউল্লাহ খান  
যুগ্ম-মহাসচিব